দৈনিক ইত্তেফাক 153

তারিখ ... AUG. 2 5 1989 ...
পৃষ্ঠা ... 5 ... কলাম ... 6 ...

## ঢাকা বিশ্ববিদ্যালয়ের জন্য আরও বাস প্রয়োজন

বাংলাদেশের সর্বোচ্চ বিদ্যাপীঠ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রী পরিবহনের জন্য যে বাস সার্ভিস রহিয়াছে, তাহা চাহিদার তুলনায় এতই অপ্রতুল যে, ছাত্রদের তো বটেই ছাত্রীদেরও প্রতিদিনই বাদুড় ঝোলা হইয়া বিশ্ববিদ্যালয়ে আসা-যাওয়া করিতে হয়। ছাত্ররা না হয় একটু অসুবিধার মধ্যে যাতায়াত করিতে পারে; কিন্তু মেয়েদের জন্য এই পরিস্থিতি অত্যন্ত বিড়ম্বনাকর। এই অসুবিধা দূর করিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের জন্য অন্ততঃ আরও দশটি বাস প্রদানের জন্য সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

আনসার উদ্দিন মিঞা,
২৪৩, পশ্চিম রামপুরা,
ঢাকা